



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

আগারগাঁও, শেরে বাংলা নগর

ঢাকা-১২০৭।

www.bteb.gov.bd

স্মারক নং ৩৭.১৭.০০০০.৪০১.১৮.৯৬৪.১৬

তারিখঃ ০৬-১০-২০১৬খ্রি.

বিষয়ঃ মোবাইল গেইম ও এ্যাপ্লিকেশনের দক্ষতা উন্নয়ন শীর্ষক প্রকল্পের কর্মশালায় অংশগ্রহণ প্রসঙ্গে।

অফিস আদেশ

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক বাস্তবায়নাবীন "মোবাইল গেইম ও এ্যাপ্লিকেশনের দক্ষতা উন্নয়ন প্রকল্প" গত ১৪/০৬/২০১৬ খ্রিঃ তারিখে একনেক সভায় অনুমোদিত হয়। সারাদেশব্যাপী মোবাইল গেইম ডেভেলপমেন্ট ও দৈনন্দিন জীবনে ব্যবহার উপযোগী এ্যাপ সম্পর্কে মানুষকে সচেতন করা, ৩০০ টি নতুন এ্যাপ পর্যবেক্ষন ও উন্নয়ন করা, ৪০০টি Interactive ও ৩০০টি সাধারণ গেইম উন্নয়নসহ সারাদেশে গেইম ও এ্যাপ উন্নয়নের জন্য ১৩,৪০০ জনকে প্রশিক্ষন প্রদান করা এই প্রকল্পের মূল উদ্দেশ্য। এছাড়া ৮টি বিভাগ ও ৩০টি জেলার বিশ্ববিদ্যালয় ও বেসরকারি পলিটেকনিক ইন্সটিটিউট এ গেইমে ল্যাব স্থাপন করা হবে। সার্বিক বিষয়গুলো অবহিতকরন ও উপস্থিত সকলের মূল্যবান মতামত গ্রহন করার জন্য আগামী ১৬/১০/২০১৬ খ্রিঃ তারিখে ১১.০০ ঘটিকায় আইসিটি টাওয়ারে অবস্থিত বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) এর অডিটরিয়ামে একটি কর্মশালার আয়োজন করা হয়েছে।

উক্ত কর্মশালায় বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন সকল বেসরকারি পলিটেকনিক ইন্সটিটিউটের একজন উপযুক্ত প্রতিনিধিকে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

(প্রকৌ. মোঃ আবদুল কুদ্দুস সরদার)

পরিদর্শক

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

তারিখঃ ০৬-১০-২০১৬খ্রি.

স্মারক নং ৩৭.১৭.০০০০.৪০১.১৮.৯৬৪.১৬(৫)

সদয় অনুমোদন ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ২। প্রকল্প পরিচালক, মোবাইল গেইম ও এ্যাপ্লিকেশনের দক্ষতা উন্নয়ন প্রকল্প, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার (৬ষ্ঠ তলা), আগারগাঁও, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, (আপনাকে উপরোক্ত বিষয়টি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৫। অফিস নথি।

(বিজয় কুমার ঘোষ)

উপ-পরিদর্শক

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

ই-মেইলঃ**bkghoshbuet@yahoo.com**

ফোনঃ ৮১৮১৩৫৩